

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
(www.moulvibazarsadar.gov.bd)



স্মারক নং-০৫.৪৬.৫৮৭৪.০০২.০৩.০১৫.১৯- ৫৭০

তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০২০খ্রি।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার সদর উপজেলাধীন ০৬নং একাটুনা ইউনিয়নের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আব্দুল্লাহ বার্বাক্যজনিত কারণে বিগত ২০/০৮/২০২০ খ্রি: তারিখে নিজ বাড়ীতে মৃত্যুবরণ করেছেন মর্মে চেয়ারম্যান, ০৬নং একাটুনা ইউপি ৮১/২০২০ নং স্মারকে এ কার্যালয়কে অবহিত করেছেন। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারা এর উপ-ধারা ১ (ঙ) মোতাবেক যদি কোন চেয়ারম্যান বা সদস্য মৃত্যুবরণ করেন তাহলে উক্ত পদ শূন্য হয়।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারা এর উপ-ধারা ১ (ঙ) মোতাবেক আমি শরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর মৃত্যুবরণজনিত কারণে গত ২০/০৮/২০২০ খ্রি: তারিখ হতে মৌলভীবাজার সদর উপজেলাধীন ০৬নং একাটুনা ইউনিয়নের ০১নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদ শূন্য ঘোষণা করলাম।


১৬/৯/২০২০

(শরিফুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

ফোন : ০৮৬১-৬৩৭৫৪


unomoulvibazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৭৪.০০২.০৩.০১৫.১৯- ৫৭০ (০২)

তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০২০খ্রি।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
- ৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ৬। উপ পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
- ৮। জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ১০। চেয়ারম্যান, ০৬নং একাটুনা ইউপি, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
- ১১। অফিস নথি।
- ১২। নোটিশ বোর্ড ----- (সকল) কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।


১৬/৯/২০২০

উপজেলা নির্বাহী অফিসার

মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

ফোন : ০৮৬১-৬৩৭৫৪

unomoulvibazar@mopa.gov.bd